

১৯৮৮ ইং সালের ২০শে আগস্ট বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত সেনানিবাস পর্ষদ সভার গৃহীত প্রস্তাবাবলী।  
=====

- |    |   |   |              |
|----|---|---|--------------|
| ১। | কর্তা মোহাম্মদ আব্দুল্লাহ আজাদ, পি এস সি,<br>কমিশন কমান্ডার,<br>ঢাকা সেনানিবাস। | - | প্রেসিডেন্ট। |
| ২। | এস, ই, এম, ও,<br>সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস।                                   | - | সদস্য।       |
| ৩। | কৃষ্ণচন্দ্র,<br>বিমান সড়ক, ঢাকা সেনানিবাস।                                     | - | সদস্য।       |
| ৪। | কমান্ডিং অফিসার,<br>বি, এন, এস, হাজী মহলিন,<br>ঢাকা সেনানিবাস।                  | - | সদস্য।       |
| ৫। | সি, এম, ই, এস(আর্চি),<br>ঢাকা সেনানিবাস।  | - | সদস্য।       |
| ৬। | সেক্রেটারি, এম, এ, বাসেত,<br>ঢাকা সেনানিবাস।                                    | - | সদস্য।       |
| ৭। | জনাব সৈয়দ আহমদ হক,<br>৪, সেনানিবাস আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস।            | - | সদস্য।       |
| ৮। | জনাব মোঃ হাকিম হক,<br>ক্যান্টনমেন্ট এন্ড বিল্ডিং অফিসার,<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সেক্রেটারী।  |

বিষয়ঃ- সেনানিবাস পর্ষদ সভা।  
=====

প্রস্তাবনাম্বঃ- ডি, ও, এইচ, এস, মহাখালী এলাকার তৃতীয় ধাপ উন্নয়নের মাটি ভরাট কাজের জন্য প্রাপ্ত গণের বিক্রয় নক্সা অর্ধের চেয়ে ৮, ৭৬, ১৮২/- টাকা অধিক ব্যয় ডি, ও, এইচ, এস, এর উন্নয়ন মূলক তহবিল হইতে নির্বাহ করনের অনুমোদন ও সিদ্ধান্ত গ্রহণ করা। এই প্রসঙ্গে প্রয়োজনীয় কাগজ পত্রাদি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ডি, ও, এইচ, এস, মহাখালী এলাকার তৃতীয় ধাপ উন্নয়ন কমিটির ২৫-৬-৮৮ ইং তারিখে অনুষ্ঠিত সভায় মাটি ভরাটের কাজে মিয়োজিত ঠিকাদারদের বিল হইতে কমপেকশন বাবদ সেকশন পরিমাপের মধ্য হইতে ১১% এর পরিবর্তে ৫½% বাদ দেওয়ার সিদ্ধান্ত এবং কন্ট্রাক্টের কাগজ পত্রাদি বিষদ ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষা পর্ষদের সভাপতি মহোদয় এবং অপর ৩ জন সদস্যের মধ্যে ৩ জন সদস্য ডি, ও, এইচ, এস, মহাখালী এলাকার তৃতীয় ধাপ উন্নয়ন কমিটি কর্তৃক ঠিকাদারদের নিকট হইতে ১১% এর পরিবর্তে ৫½% সেকশন পরিমাপ বাদ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ-যোগ্য নয় বলিয়া জতিমত ব্যক্ত করেন। অপর পক্ষে পর্ষদের সদস্য সি, এম, ই, এস(আর্চি), ঢাকা সেনানিবাস উন্নয়ন কমিটির সিদ্ধান্ত বহাল রাখার পক্ষে জতিমত ব্যক্ত করেন। এমতাবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উন্নয়ন কমিটির সিদ্ধান্ত ও সুপারিশ মোতাবেক সংশ্লিষ্ট ঠিকাদারদিগকে উক্ত এলাকার উন্নয়ন তহবিল হইতে ৮, ২৬, ৮১০/০৪ টাকা প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাবনাম্বঃ- ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার বিল্ডিং "বাই-ল" এর কতিপয় অংশের জটিলতা পরিবর্তন/সংশোধন করণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা। এই প্রসঙ্গে বিল্ডিং "বাই-ল" এর অংশগুলি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার বিল্ডিং "বাই-ল" এর কতিপয় অংশের জটিলতা পরিবর্তন/সংশোধন এর বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হইল।

প্রসূাব নং-৩।

ঢাকা সেনানিবাস এলাকার শহীদ সরণীর সুইমিং পুলের প্রবেশ দ্বার হইতে ললনিকা পর্যন্ত  
কুটপাতের পার্শ্বে গ্রীল স্থাপনের মূল্যানুমান ও দরপত্রগুলি অবহিত হওয়া এবং সর্বনিম্ন দরপত্রটি  
অনুমোদন করা। দরপত্রগুলি প্রয়োজনীয় কাগজ পত্র সহ উপস্থাপন করা হইল।

প্রচার জন্য  
মু-দায়িত্ব

গৃহীত সিদ্ধান্ত:-

ঢাকা সেনানিবাসের শহীদ সরণীর সুইমিং পুলের প্রবেশ দ্বার হইতে ললনিকা পর্যন্ত কুটপাতের  
পার্শ্বে গ্রীল স্থাপনের সিরামিক দেওয়ালের রেইট এম, ই, এস, সিডিউল, ১৯৮৪ ইং মোতাবেক ৩৪%  
উর্ধে এবং গ্রীল সরবরাহ ও স্থাপন করণ কাজের প্রতি বর্গফুট (বেলা মোতাবেক) ৯০/- টাকা  
বিলম্বে মূল্যানুমান ও রেইট অনুমোদন করা গেল।

০°৭৫  
সিডিউল

প্রসূাব নং-৪।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের জন্য একটি ফটোক্যান্ট মেশিন এক্সয়ের নিমিত্তে গৃহীত দরপত্র  
সমূহের মধ্যে সর্বনিম্ন দরপত্রটি বিবেচনা ও অনুমোদন করা। দরপত্র সমূহ উপস্থাপন করা হইল।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

ফটোক্যান্ট মেশিন এক্সয়ের নিমিত্তে গৃহীত সর্বনিম্ন দরপত্রটি অধিক বিবেচিত হওয়ায় পুনরায়  
বিক্রয় প্রদান করতঃ টেন্ডার গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল।

সিডিউল

প্রসূাব নং-৫।

সেনানিবাস এলাকার নিরাপত্তা বাতি ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় গত ১৮-১১-৮৭ ইং তারিখের পর্বদ  
সংক্রান্ত ১৭ নং প্রসূাব অনুযায়ী ৫৫ টি ৪'-০" টিউব লাইট সেড পুনঃ স্থাপনের ব্যবস্থা গৃহীত হয়।  
৫৫ টি টিউব লাইট সেডের দরপত্রগুলির মধ্যে সর্বনিম্ন দরপত্র বিবেচনা ও অনুমোদন করা। দরপত্র  
সমূহ উপস্থাপন করা হইল।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

ঢাকা সেনানিবাস এলাকায় ঝড়ে ক্ষতিগ্রস্ত নিরাপত্তা বাতি ৫৫ টি ৪'-০" টিউব লাইট সেড পুনঃ  
স্থাপনের রেইট এম, ই, এস, সিডিউল, ১৯৮৪ ইং মোতাবেক ২০°৮৯% উর্ধে মূল্যানুমান ও রেইট  
অনুমোদন করা গেল।

সিডিউল

প্রসূাব নং-৬।

মহাখালী ডি, ও, এইচ, এস, এলাকার তৃতীয় ধাপে প্রুটিং করনের জন্য পিলার নির্মাণের দরপত্র ও  
মূল্যানুমান অনুমোদন করা। দরপত্র ও মূল্যানুমান উপস্থাপন করা হইল।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

ডি, ও, এইচ, এস, মহাখালী এলাকায় তৃতীয় ধাপের প্রুটিং করনের জন্য পিলার নির্মাণ কাজটি  
এম, ই, এস, সিডিউল, ১৯৮৪ ইং মোতাবেক ৩১% উর্ধে মূল্যানুমান ও রেইট অনুমোদন করা গেল।

সিডিউল

প্রসূাব নং-৭।

কুমিল্লা পুরাতন বাজারের রাস্তা মেরামত ও সংস্কার করনের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন  
করা। মূল্যানুমান ও দরপত্র উপস্থাপন করা হইল।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

কুমিল্লা পুরাতন বাজারের মীরপুর সংযোগকারী রাস্তা উন্নয়নের মাটি তরাত কাজটি এম, ই, এস,  
সিডিউল, ১৯৮৪ ইং মোতাবেক ৩২% উর্ধে এবং বাল্লি ও তরজা বেড়া স্থাপন কাজের রেইট ২৮%  
উর্ধে মূল্যানুমান ও রেইট অনুমোদন করা গেল।

সিডিউল

প্রসূাব নং-৮।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৮৫ নং প্রুটিং পেট্রোল পাম্পের নিমিত্তে আগামী ১০(দশ) বৎসরের  
জন্য ইজারা প্রদানের বিষয়ে গত ০৯-৮-৮৮ ইং তারিখে "দৈনিক ইত্তেফাক" পত্রিকায় প্রদত্ত বিজ্ঞপ্তি  
বিস্তৃতি অনুযায়ী এককালীন প্রিমিয়াম এবং প্রিমিয়ামের ১০% শতাংশ বার্ষিক খাজনা প্রদানের উপর  
প্রকাশ্য নিলামে ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকার সর্বোচ্চ ডাককারী হাজী সামছুদ্দিন  
আহমদের ডাক বিবেচনা/অনুমোদন করা।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

পেট্রোল পাম্পের নিমিত্তে নিলামকৃত ৮৫ নং প্রুটের ইজারার অর্থ কম প্রতীয়মান হওয়ায় পুনরায়  
বিস্তৃতির মাধ্যমে নিলামের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল।

সিডিউল

প্রসূাব নং-৯।

ডি, ও, এইচ, এস, মহাখালী এলাকায় লেক ইজারার শেষ কিস্তির ৬৯,২৫০/- টাকা আদায়ের  
বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট কাগজ পত্রাদি  
উপস্থাপন করা হইল।

সিডিউল

গৃহীত সিদ্ধান্ত:-

জনাব মোঃ ইউসুফ আলী খাঁন ০১-৫-৮৪ ইং হইতে ৫(পাঁচ) বৎসরের জন্য মহাখালী এলাকায়  
লেক ইজারা নেন এবং পরবর্তীতে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতিক্রমে উক্ত লেকের তলদেশ সমান  
করিতে ৬৫,০০০/- টাকা ব্যয় করেন। বর্তমানে তাঁহার নিকট শেষ কিস্তির অর্থ বাবদ ৬৯,২৫০/-  
টাকা পাওনা রহিয়াছে। তিনি উক্ত লেকের তলদেশ সমানে যথেষ্ট অর্থ ব্যয় করায় এবং পত্র  
সংক্রান্ত বন্যায় মাছ ভাসিয়া যাওয়ায় ক্ষতিগ্রস্ত হওয়াতে বিশেষ বিবেচনায় বোর্ড কর্তৃক তাহার  
নিকট প্রাপ্য ৬৯,২৫০/- টাকা হইতে ২৯,২৫০/- টাকা মওকুফ করিবার এবং বাকী ৪০,০০০/-  
টাকা সংশ্লিষ্ট ইজারাদারের নিকট হইতে আদায় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিডিউল

প্রসূাব নং-১০। ১৯৮৫-৮৬ ইং সনের অডিট আপত্তির ব্রডশীট জবাব বিবেচনা ও অনুমোদন করণ। ব্রডশীট জবাবের কপি পর্যবেক্ষনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

গৃহীত সিদ্ধান্ত:- পরবর্তী পর্যদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রসূাব নং-১১। ইব্রাহিমপুর মৌজার সি,এস,প্লট নং-২৮৮(আংশিক) এর মালিক জনাব সিরাজ মিয়া কর্তৃক পেশকৃত বিক্রিৎ প্র্যান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত:- সি,এস,প্লট নং-২৮৮(আংশিক) ইব্রাহিমপুর এর মালিক জনাব সিরাজ মিয়া কর্তৃক পেশকৃত বিক্রিৎ প্র্যান অনুমোদন করা হইল।

প্রসূাব নং-১২। ক্যান্টনমেন্ট বোর্ডের উন্নয়ন মূলক কাজের টেন্ডার এবং ক্যান্টনমেন্ট এলাকায় নির্মিতব্য ভবন সমূহের প্র্যান অনুমোদন প্রসঙ্গে সিদ্ধান্ত গৃহন।

গৃহীত সিদ্ধান্ত:- ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এই মর্মে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, ক্যান্টনমেন্ট বোর্ডের বিধান মোতাবেক সকল টেন্ডার ও প্র্যান অনুমোদনের নিমিত্তে বোর্ডের সভায় উপস্থাপন করিতে হয়। কিন্তু টেন্ডার ও প্র্যানের সংখ্যা অধিক হওয়ায় সভার সময় উক্ত ব্যাপারে প্রয়োজনীয় টেকনিক্যাল বিষয় সমূহ সঠিক ভাবে নিরীক্ষা করা সম্ভব হয় না।

এমতাবস্থায় সভায় বিষয় দুইটি সম্পর্কে বিষদ আলোচনায় সর্বসম্মতিশ্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বোর্ডের সম্মানিত সদস্য সি,এম,ই,এস(আর্মি) বোর্ডের সকল সদস্যবৃন্দের পক্ষে সভা অনুষ্ঠিত হইবার পূর্বেই সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয় সমূহ নিরীক্ষা করিবেন এবং সি,ই,ও, কর্তৃক বোর্ডের সভায় উহা উপস্থাপনের সময় সি,এম,ই,এস(আর্মি) উপস্থিত সকল সদস্যবৃন্দকে বিষয় সমূহ সম্পর্কে অবহিত করিবেন।

বিবিধঃ  
=====

পরিশেষে ক্যান্টনমেন্ট বোর্ডের সভাপতি মহোদয় সভায় মহাখালী ডি,ও,এইচ,এস, এলাকায় লেইকের পাড়ে স্থাপিত কাটাতারের বেড়া সরানোর বিষয়টি সম্পর্কে উপস্থিত সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন এবং সকল সদস্যবৃন্দকে উক্ত এলাকার একজন অধিবাসী কর্তৃক প্রেরিত চিঠি সম্পর্কে অবহিত করেন।

বিষয়টি সম্পর্কে সকল সদস্যবৃন্দ গুরুত্ব সহকারে আলোচনা করেন। আলোচনায় ইহা প্রতিভাত হয় যে লেইক ও কাটাতারের বেড়ার মধ্যে অবস্থিত প্রায় বিশ হাজার বর্গফুট জায়গা সর্বদাই প্রচুর আগাছায় পূর্ণ থাকে এবং শিয়াল/কুকুর ও বহিরাগত ব্যক্তি বর্ণের পায়খানার স্থান হিসাবে ব্যবহৃত হয়। ফলে উক্ত এলাকায় বাতীগিলির নীচতলায় বসবাসকারীদের খুবই অস্বীকৃত্য হয়।

উপরোক্ত অবস্থার আলোকে সর্বসম্মতিশ্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয় যে, কাটাতারের বেড়াটি বর্তমান স্থান হইতে উঠাইয়া লেইকের পাড়ে স্থাপন করা হউক এবং যাহাতে কোন ব্যক্তি উক্ত জায়গা ব্যক্তিগত ভাবে ভোগ দখল না করিতে পারে তজন্য উক্ত বিশ হাজার বর্গফুট জায়গা একটি শিশু পার্কের ব্যবস্থা করা হউক।

এই সিদ্ধান্ত কার্যকরী করার ব্যাপারে সি,ই,ও, কর্তৃক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সংগে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক সকলকে ধন্যবাদানু সত্য সমাপ্তি ঘোষণা করা হইল।

*(স্বাক্ষর)*  
মোঃ মাকসুদ হক  
সেক্রেটারী,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

*(স্বাক্ষর)*  
( কর্ণেল মোহাম্মদ আব্দুল্লাহ আজাদ, পিএসসি, )  
প্রেসিডেন্ট,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

০°৭৫  
মাদ্রাসাটির  
নিরীক্ষা  
কর্তৃপক্ষের  
তার পরকারী  
ব এই মর্মে  
চার  
নেত্র,  
তার ১৫  
মহাপ্রধান-  
এম ই এ  
পরিচালক  
চার উ  
প নির্দি  
বাতির  
ন করণ।  
হদ নটি  
টি  
টি  
টি সিদ্ধান্ত  
কিবে  
বে  
কর্তৃপক্ষ